



## এনএসইউ'তে স্বাধীনতা দিবসের আলোচনা সভা

যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও বিজয় দিবস উদযাপনের জন্য নর্থ সাউথ ইউনিভার্সিটি মঙ্গলবার এক আলোচনা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন সাংবাদিক, কথাসাহিত্যিক, গবেষক ও ব্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আফসান চৌধুরী। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। এছাড়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এনএসইউ'র কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য

(ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, উর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীরা। অনুষ্ঠানের অংশ হিসেবে এনএসইউ'র পক্ষ থেকে একটি দল সভারের জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে যুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে। পাশাপাশি ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন ও আলোকসজ্জার ব্যবস্থা করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি